

কালিহাতীতে স্কুল বন্ধ রেখে শিক্ষক সম্মাননা ও বরণ অনুষ্ঠান!

টাঙ্গাইল প্রতিনিধি ▶

টাঙ্গাইলের কালিহাতীতে আজ বৃহস্পতিবার সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ রেখে অবসরপ্রাপ্ত শিক্ষকদের সম্মাননা ও নবীনদের বরণ অনুষ্ঠান আয়োজন করেছে উপজেলা সরকারি প্রাথমিক-বিদ্যালয় শিক্ষক সমিতি। উপজেলার সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে দাওয়াতপত্র। সবাই দাওয়াতপত্র পেয়েছেন এবং তাঁদের অধিকাংশই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বলেও জানিয়েছেন সমিতির সভাপতি আবদুস সালাম।

এ ব্যাপারে আবদুস সালাম জানান, সকাল ১১টায় উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির কার্যালয়ে ১৬ জন অবসরপ্রাপ্ত শিক্ষককে সম্মাননা দেওয়া হবে। এ ছাড়া প্রায় ২০০ সহকারী শিক্ষকের বরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রফিকুল ইসলাম। বিশেষ অতিথি থাকবেন উপজেলা শিক্ষা কর্মকর্তা জাকিয়া পারভীন। শিক্ষা অফিসারের সঙ্গে পরামর্শ করেই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলেও জানান তিনি। উপজেলা শিক্ষা অফিসার জাকিয়া পারভীন বলেন, 'স্কুল সময়ে কোনো অনুষ্ঠান করা যাবে না। এ ব্যাপারে তাদের অনুমতি দেওয়া হয়নি। আমার নামও তারা অনুমতি না নিয়েই অতিথি হিসেবে কার্ডে উল্লেখ করেছে।' উপজেলা নির্বাহী কর্মকর্তা রফিকুল ইসলাম বলেন, 'এ রকম অনুষ্ঠান করার কথা সমিতি থেকে বলা হয়েছে। কিন্তু তাদের পরিষ্কার জানিয়ে দেওয়া হয়েছে, স্কুল সময়ে এ ধরনের কোনো অনুষ্ঠান করা যাবে না। বিকেলের দিকে অথবা স্কুল-সময়ের পরে অনুষ্ঠান করতে পারবে।' বিষয়টি তিনি দেখবেন বলেও জানান। অনুষ্ঠানে যোগ দেওয়া নিয়ে সিঁধামুখে পড়েছেন স্কুলের শিক্ষকরাও। তেমনটিই বলছিলেন পোষণা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আসাদুজ্জামান, 'চিঠি পেয়েছি। স্কুল খোলা রেখে কিভাবে সেখানে যাব?'